# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৯৭

৪৫/ অনুমতি প্রার্থনা (كتاب الاستئذان والآداب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মেয়েদের সালাম দেওয়া।

## باب مَا جَاءَ فِي التَّسْلِيمِ عَلَى النِّسَاءِ

আরবী

حَدَّثَنَا سُوَيْدٌ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، أَخْبَرَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ بَهْرَامَ، أَنَّهُ سَمِعَ شَهْرَ بْنَ حَوْشَبٍ، يَقُولُ سَمِعْتُ أَسْمَاءَ بِنْتَ يَزِيدَ، تُحَدِّثُ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم مَرَّ فِي الْمَسْجِدِ يَوْمًا وَعُصْبَةٌ مِنَ النِّسَاءِ قُعُودٌ فَأَلْوَى بِيَدِهِ بِالتَّسْلِيمِ وَأَشَارَ عَبْدُ الْحَمِيدِ بِيَدِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . قَالَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ لاَ بَأْسَ بِحَدِيثِ عَبْدِ الْحَمِيدِ بْنِ بَهْرَامَ عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ . وَقَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ شَهْرٌ حَسَنُ الْحَدِيثِ وَقَوَّى أَمْرَهُ وَقَالَ إِنَّمَا تَكَلَّمَ فِيهِ ابْنُ عَوْنٍ ثُمَّ رَوَى عَنْ هِلاَلِ بْنِ أَبِي زَيْنَبَ عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ . أَنْبَأَنَا أَبُو دَاوُدَ الْمَصَاحِفِيُّ بَلْخِيٌّ أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ عَنِ ابْنِ عَوْنٍ قَالَ إِنَّ شَهْرًا نَزَكُوهُ . قَالَ أَبُو دَاوُدَ قَالَ النَّضْرُ تَرَكُوهُ أَىْ طَعَنُوا فِيهِ وَإِنَّمَا طَعَنُوا فِيهِ لأَنَّهُ وَلِيَ أَمْرَ السُّلْطَانِ .

বাংলা

২৬৯৭. সুওয়ায়দ (রহঃ) ..... আসমা বিনত ইয়াযীদ (রাঃ) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন মসজিদের ভিতর হেঁটে যাচ্ছিলেন। একদল মহিলা সেখানে উপবিষ্ট ছিল। তখন তিনি সালামের সঙ্গে তাঁর হাত দিয়ে ইশারা করলেন। বর্ণনাকারী আবদুল হামিদ হাত দিয়ে ইশারা করে দেখালেন।

"হাতের ইশারা" ব্যাতিত হাদিসটি সহিহঃ জিলবাবুল মারআতিল মুসলিমাহ ১৯৪-১৯৬, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৯৭ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান। আহমাদ ইবন হাম্বল (রহঃ) বলেনঃ আবদুল হামীদ ইবন বাহরামের হাদীস, যা শাহর ইবন হাওশাব থেকে বর্ণিত, (তাতে) কোন দোষ নেই।

মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ) বলেন, শাহর হাদীসের ক্ষেত্রে হাসান পর্যায়ের। তিনি তাঁর বর্ণনাকে

নির্ভরযোগ্য গণ্য করেছেন এবং বলেছেনঃ ইবন আওন তাঁর সম্পর্কে সমালোচনা করেছেন। অতঃপর তিনি হিলাল ইবন আবূ যায়নাব সূত্রে শাহর ইবন হাওশাব (রহঃ) থেকে হাদীস রিওয়ায়ত করেছেন।

আবূ দাউদ (রহঃ) ... ইবন ইবন আওন (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, শাহরকে হাদীসবিদগণ বর্জন করেছেন। আবূ দাঊদ বলেন, নাযর বলেছেন যে,تَرَكُوهُ অর্থ হল তারা তাঁকে দোষী বলে চি□□হ্নত করেছেন।

## English

Narrated Asma bint Yazid:
that the Messenger of Allah (ﷺ) passed through the Masjid one day, and a group of women were sitting, so he motioned his hand with the Salam - 'Abdul-Hamid (one of the narrators) gestured with his hand.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আসমা বিনতু ইয়াযীদ ইবনুস সাকান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38049

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন